

২০২০

বাংলা - সাম্মানিক

তৃতীয় সেমেস্টার

পত্র : CC-6

(ঐতিহাসিক ভাষাবিজ্ঞান)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) মধ্যভারতীয় আর্যভাষার স্তরগুলি কালসীমাসহ উল্লেখ করে এই ভাষার নিদর্শনগুলির পরিচয় দাও। ১০
অথবা,
(খ) বৈদিক ও ক্লাসিক্যাল সংস্কৃতের মধ্যে ভাষাতাত্ত্বিক পার্থক্যের কয়েকটি ক্ষেত্র সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০
- ২। (ক) প্রাচীন বাংলা ভাষার সময়সীমা উল্লেখপূর্বক এই ভাষার কয়েকটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য চর্যাপদের প্রেক্ষিতে উল্লেখ করো। ১০
অথবা,
(খ) আদি-মধ্যযুগের বাংলা ভাষার কয়েকটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের প্রেক্ষিতে সংক্ষেপে লেখো। ১০
- ৩। (ক) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষার রূপতাত্ত্বিক লক্ষণগুলি 'অন্নদামঙ্গল' কাব্য অবলম্বনে সংক্ষেপে উল্লেখ করো। ১০
অথবা,
(খ) স্বামী বিবেকানন্দ রচিত 'পরিব্রাজক' গ্রন্থটি থেকে উদাহরণসহযোগে আধুনিক বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো। ১০
- ৪। (ক) ভাষা বলতে কী বোঝায় একটি সংজ্ঞার সাহায্যে স্পষ্ট করো। ৫
অথবা,
(খ) পৃথিবীর যে-কোনো পাঁচটি ভাষা-পরিবারের নাম লেখো। ৫
- ৫। (ক) প্রাচীন বাংলা ভাষার ছন্দোবহুগত বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫
অথবা,
(খ) আদি-মধ্য পর্বের বাংলা ভাষায় ত্রিয়ার কালের ব্যবহার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

Please Turn Over

- ৬। (ক) অস্ত্য-মধ্যযুগের বাংলা ভাষায় অপিনিহিতির ব্যবহার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
- অথবা,
- (খ) আধুনিক যুগের বাংলা ভাষায় বিভিন্ন ভাষার শব্দগ্রহণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৭। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার বাক্যগঠনগত বৈশিষ্ট্যগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
- অথবা,
- (খ) প্রাচীন বাংলা ভাষার একটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য ও একটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের উল্লেখ করো। ৫
- অথবা,
- (গ) অস্ত্য-মধ্যযুগের বাংলা ভাষায় কারক-বিভক্তির ব্যবহার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫
- (ক) ভাষার গঠনগত উপাদানগুলি কী কী?
- (খ) ঋগ্বেদ কোন ভাষায় লিখিত?
- (গ) বৈদিক ভাষায় ক্রিয়ার কাল ক-টি ও কী কী?
- (ঘ) 'প্রাকৃত' শব্দটির অর্থ কী?
- (ঙ) প্রাচীন ভারতীয় আর্যভাষার আনুমানিক বিস্তৃতিকাল উল্লেখ করো।
- (চ) দ্বাদশ > দুবাদস—কী জাতীয় পরিবর্তন?
- (ছ) 'গাহাসওসঈ' কোন প্রাকৃত ভাষায় রচিত?
- (জ) প্রাচীন ভারতীয় আর্যের কথ্য রূপের ক-টি আঞ্চলিক উপভাষা ছিল?
- (ঝ) অস্ত্য-মধ্য বাংলা ভাষায় রাম > রাম্—এটি কী ধরনের পরিবর্তন?
- (ঞ) 'লুই ভণই গুরু পুচ্ছিঅ জান'—নিম্নরেখ অংশটির কারক-বিভক্তি নির্ণয় করো।
- (ট) 'চউপইআ' কত মাত্রার ছন্দ?
- (ঠ) 'রচিলাঙ তোমার সঙ্গীতে'—নিম্নরেখ শব্দে ক্রিয়াবিভক্তির বৈশিষ্ট্যটি লেখো।
- (ড) 'গজব করিলে তুমি আজব কথায়'—রেখাঙ্কিত শব্দ দুটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় গৃহীত হয়েছে?
- (ঢ) কাস্তি > কাঁতি—এটি কী ধরনের পরিবর্তন?
- (ণ) পুরোনো পয়ার ছন্দ থেকে জন্ম নেওয়া দুটি আধুনিক বাংলা ছন্দের নাম লেখো।